# ইসলামী জ্ঞান: নিত্যদিনের প্রয়োজনে

বিভাগ/অধ্যায়ঃ কুরআন, হাদিস ও ফিকহ

রচয়িতা/সঙ্কলকঃ ড. আবু বকর মুহাম্মাদ যাকারিয়া

## তালাক, খোলা এবং ফসখ-এর মধ্যে পার্থক্য

তালাক (الطلاق) খোলা (الخلع) ফসখ (الفسخ)

সংজ্ঞা কী?

তালাক হলো স্বামীর নির্দিষ্ট কিছু বলা বা তার সমতুল্য এমন কিছু যার মাধ্যমে দাম্পত্য সম্পর্ক ভেঙে যায়, স্ত্রী রাজি হোক বা না হোক। খোলা হলো স্বামী-স্ত্রীর মধ্যে বিচ্ছেদ, যেখানে স্ত্রী মুক্তির জন্য কিছু দিয়ে থাকে (মহর বা অন্য কিছু), এমনকি মহরের চেয়ে বেশি হলেও। ফসখ হলো স্বামী-স্ত্রীর সম্পর্ক ভেঙে যাওয়া বিচারকের রায়ের মাধ্যমে, বা স্বাভাবিক কারণবশত চুক্তি বাতিল হয়ে যাওয়া।

কীভাবে সংঘটিত হয়?

তালাক কেবল স্বামীর কথায় বা তার প্রতিনিধির মাধ্যমে হয়ে থাকে। খোলা স্ত্রীর পক্ষ থেকে অনুরোধে হয়, স্বামী গ্রহণ করলে কার্যকর হয়। ফসখ কেবল বিচারকের রায়ের মাধ্যমে হয়।

কোন প্রকার বিচ্ছেদ হয়?

তালাক রাজঈ (رجعي) বা বাইন (بائن) হতে পারে। খোলা সর্বদা বাইন (চূড়ান্ত বিচ্ছেদ)। ফসখও সর্বদা বাইন (চূড়ান্ত বিচ্ছেদ)।

স্বামীর কাছে ফিরে যাওয়ার বিধান কী?

তালাকের ক্ষেত্রে স্বামী ইদ্দতের মধ্যে স্ত্রীকে ফিরিয়ে নিতে পারে যদি তালাক রাজঈ হয়। খোলার পর স্বামী স্ত্রীর কাছে ফিরে যেতে পারে না, তবে নতুন চুক্তি ও মহরের মাধ্যমে পুনরায় বিয়ে করতে পারে।ফসখ হলে নতুন বিয়ে ছাড়া ফিরে আসা সম্ভব নয়।

কোনটি কার অধিকার?

তালাক স্বামীর অধিকারের মধ্যে পড়ে। খোলা স্ত্রীর অধিকারের মধ্যে পড়ে। ফসখ বিচারকের অধিকারের মধ্যে

পড়ে।

কোনটিতে তালাকের সংখ্যা যোগ হয়?

তালাক তালাকের সংখ্যায় যোগ হয়। খোলা তালাকের সংখ্যায় যোগ হয়। ফসখ তালাকের সংখ্যায় যোগ হয় না।

কোনটির ইদ্দত কখন শুরু হবে?

তালাকের ইদ্দত শুরু হয় উচ্চারণের সময় থেকে। খোলার ইদ্দত শুরু হয় ঘটনার সময় থেকে। ফসখের ইদ্দত শুরু হয় বিচারকের রায়ের সময় থেকে।

আর্থিক লেনদেন কী হবে?

তালাকের ক্ষেত্রে স্ত্রীকে কিছু দিতে হয় না। খোলার ক্ষেত্রে স্ত্রী তার স্বামীকে মহর ফেরত দিয়ে বা অন্য কিছু দিয়ে স্বামীকে মুক্তি নেয়। ফসখে স্ত্রীকে কিছু দিতে হয় না।

## ফুটনোট

https://www.facebook.com/abubakar.m.zakaria/posts/pfbid02MESXAGQd71RoxxS3nLu7bHLLdk2RvYooZTT6RRswL8cPbkWAuYPuTVhBAPrQgibPl

Source — https://www.hadithbd.com/books/link/?id=15153

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন